

নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ
গড়ে তুলি স্মার্ট
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল

ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)
সভার তারিখ ২৮ ফেব্রুয়ারী ২০২৩
সভার সময় বেলা ৩.৩০ ঘটিকা।
স্থান শ্রম ভবনস্থ লেভেল-১১
উপস্থিতি পরিশিষ্ট-ক।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সেবা সহজীকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	‘ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন’-শীর্ষক সেবাটিকে সম্পূর্ণ অনলাইনভিত্তিক করার জন্য সেবাটির বিদ্যমান প্রসেস এর ফ্লো-চার্ট এবং প্রস্তাবিত প্রসেস ফ্লো-চার্ট প্রণয়ন করা হয়েছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন। সভার সভাপতি উক্ত সফটওয়্যারটির ক্রয় প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য অধিদপ্তরের ক্রয় সংক্রান্ত কমিটিকে একটি আন-অফিসিয়াল নোট প্রদানের নির্দেশনা দেন।	১। ‘ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন’-শীর্ষক সফটওয়্যারটির ক্রয় প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য অধিদপ্তরের ক্রয় সংক্রান্ত কমিটিকে একটি আন- অফিসিয়াল নোট প্রদান করতে হবে।	১। ইনোভেশন টিমের সদস্য সচিব
২	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ‘ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম’-এ স্টোর ব্যবস্থাপনা মডিউলটি না থাকায় বর্তমানে শুধুমাত্র রিকুইজিশন এর কাজ সফটওয়্যারটির মাধ্যমে করা যাচ্ছে বলে সদস্য সচিব সভাকে জানান। সভাপতি উক্ত সফটওয়্যারটি আপগ্রেড করে এতে স্টোর ব্যবস্থাপনা মডিউল যোগ করার নির্দেশনা প্রদান করেন। একইসাথে উক্ত আপগ্রেডেশন এর কাজ দ্রুত শুরু করার জন্য ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে অধিদপ্তরের ক্রয় সংক্রান্ত কমিটিকে একটি আন-অফিসিয়াল নোট প্রদানের নির্দেশনা দেন।	১। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ‘ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম’-এ স্টোর ব্যবস্থাপনা মডিউলটি যোগ করার জন্য সফটওয়্যার আপগ্রেডেশন করতে হবে। এ লক্ষ্যে ক্রয় প্রক্রিয়া শুরু করার জন্য অধিদপ্তরের ক্রয় সংক্রান্ত কমিটিকে একটি আন- অফিসিয়াল নোট প্রদান করতে হবে।	১। ইনোভেশন টিমের সদস্য সচিব

৩	ই-নথির ব্যবহার বৃদ্ধি	অধিদপ্তরের ০৮টি নতুন কার্যালয় এবং রাজশাহী, টাঙ্গাইল ও কিশোরগঞ্জ কার্যালয়ে ডি-নথি চালু হয়েছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন। এর মধ্যে নতুন ০৮টি কার্যালয়ের কর্মকর্তাগণকে এটুআই এর সহযোগিতায় ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি বলেন আরও কিছু কার্যালয়ে ডি-নথি চালু হলে আরও একটি ডি-নথি সংক্রান্ত প্রশিক্ষণ চালু করতে প্রশাসন শাখাকে অনুরোধ করতে হবে।		
৪	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদের কাজ নিয়মিত চলছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন।		
৫	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	টিমের সদস্য জনাব মোঃ ফরহাদ মাহমুদ সোহাগ জানতে চান কর্মপরিকল্পনায় উল্লেখকৃত প্রশিক্ষণ কতটি আয়োজন করা হয়েছে। জবাবে সদস্য সচিব সভাকে জানান লক্ষ্যমাত্রা ৪টির বিপরীতে ৩টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। সভাপতি আরও একটি প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা প্রদান করেন।	১। কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আরও ০১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	১। ইনোভেশন টিম

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.১৪

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯

০৬ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৭) সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৮) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)